

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ অক্টোবর ২০২১খ্রি.

দুর্গাপূজা মন্ডপে অনুদান বিরতগকারে মেয়র চট্টগ্রাম ঐতিহ্যগতভাবে অসাম্প্রদায়িক নগরীর

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, চট্টগ্রাম ঐতিহ্যগতভাবে অসাম্প্রদায়িক নগরী। এখানে হিন্দু-মুসলমান-বৌদ্ধ-খৃষ্টান একই সাথে সম্প্রীতিময় পরিবেশে বসবাস করেন এবং প্রত্যেকেই নিজ নিজ ধর্মীয় অধিকার ভোগ করেন। ভাষা আন্দোলন থেকে শুরু করে মুক্তিযুদ্ধসহ সকল গণতান্ত্রিক আন্দোলনে সকল ধর্মাবলম্বী জনগোষ্ঠীর ত্যাগ ও অংশগ্রহণের মধ্য দিয়ে এদেশে অসাম্প্রদায়িক গণতান্ত্রিক চেতনার ভিত্তি প্রতিষ্ঠিত হয়েছে। মহল বিশেষ এই ভিত্তিকে দুর্বল করতে নানামুখী ষড়যন্ত্র করলেও তা কখনো সফল হয়নি এবং হবেও না। তিনি আজ বৃহস্পতিবার বিকেলে নগরীর থিয়েটার ইনস্টিটিউট মিলনায়তনে চসিকের উদ্যোগে সনাতন ধর্মাবলম্বীদের শারদীয় দুর্গোৎসব উদযাপন উপলক্ষে স্থাপিত ২৭০টি সর্বজনীন পূজো মন্ডপের প্রতিটিতে পাঁচ হাজার টাকা করে অনুদান প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। তিনি আরো বলেন, প্রায় দু'বছর ধরে করোনা ছেবলে সকল ধর্মীয় উৎসব ও অনুষ্ঠান স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে করতে হয়েছে। সম্প্রতি কোভিড সংক্রমণ পরিস্থিতি অনেকটা নিয়ন্ত্রণে থাকায় নগরীতে দুর্গোৎসব পালিত হতে যাচ্ছে। তারপর যথাসম্ভব স্বাস্থ্যবিধি মেনেই উৎসব উদযাপন করতে হবে এবং যে-কোন মূল্যে সম্প্রীতি ও সৌহার্দ্য পূর্ণ পরিবেশ সুরক্ষার ঐতিহ্যকে ধরে রাখতে হবে। তিনি আরো স্বরণ করিয়ে দেন যে, ধর্ম যার যার তবে উৎসব সবার। চসিক সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার স্ট্যান্ডিং কমিটির সভাপতি কাউন্সিলর আবদুস সালাম মাসুমে'র সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দিন, ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন, পুলক খানসুগী, সংরক্ষিত কাউন্সিলর নীলু নাগ, রুমকী সেনগুপ্ত। শুভেচ্ছা বক্তব্য রাখেন আশীষ কুমার ভট্টাচার্য, হিল্লোল সেন উজ্জ্বল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশ।

নগর যুব কাউন্সিল গঠন করবে সিরাক-বাংলাদেশ

সিরাক-বাংলাদেশ নগর যুব কাউন্সিল গঠনে তরুণদের সম্পৃক্ত করতে চায়। এ লক্ষ্যে ইউনাইটেড ন্যাশনাল ডেমোক্রেসি ফান্ড ইউএনডিইএফ)এর অর্থায়নে ইউএন-হ্যাবিটেক'র কারিগরী সহায়তায় একটি প্রকল্প গ্রহণে আজ বৃহস্পতিবার সকালে টাইগারপাসস্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অস্থায়ী অফিসে মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে তাঁর দপ্তরে সৌজন্য সাক্ষাত করতে আসেন সিরাক-বাংলাদেশ'র কর্মকর্তাবৃন্দ। মেয়র তাদের গৃহীত প্রকল্প সময়োপযোগী বলে মন্তব্য করেন। তিনি বলেন, দেশের উন্নয়ন অগ্রগতিতে মুখ্য ভূমিকা রাখতে পারে তরুণ সমাজ। তাদের যদি দেশের কাজে সম্পৃক্ত করা যায় তাহলে উন্নয়নের ক্ষেত্রে সম্ভাবনা রয়েছে। মেয়র গৃহীত এই প্রকল্পে তাঁর পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করা হবে বলে উল্লেখ করেন। সিরাক বাংলাদেশ নেতৃত্ব দেন, দেশের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশ হলো তরুণ সম্প্রদায়। আমাদের জাতীয় উন্নয়ন নীতিসমূহ দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে সুযোগ নিশ্চিত করেছে। ফলে স্থানীয় পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণে তরুণদের সম্পৃক্ততার প্রক্রিয়া শুরু হয়েছে। তারা বলেন, আমাদের প্রকল্পের অধীনে চট্টগ্রাম ময়মনসিংহ, রাজশাহী এবং রংপুরসহ চারটি শহরে নগর যুব কাউন্সিল তৈরীর মাধ্যমে তরুণরা নির্বাচিত যুব কাউন্সিলর হিসেবে অংশ নিতে পারবে। তারা তাদের মতামত ও দাবিসমূহ সিটি কর্পোরেশনের কাছে প্রাতিষ্ঠানিকভাবে উপস্থাপন করবে যা টেকসই উন্নয়নের জন্য এবং তরুণদের নেতৃত্ব বিকাশের ক্ষেত্রে উপযুক্ত ভূমিকা রাখবে। প্রকল্পের নির্বাচিত যুব কাউন্সিলররা মেয়রের তত্ত্বাবধানে নগর উন্নয়ন কার্যক্রমে যুবদের পরামর্শ প্রদানে অংশগ্রহণ ও গণতান্ত্রিক প্রক্রিয়ায় উদ্বুদ্ধ করবে। প্রকল্পটি জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-১৬ (এসডিজি-১৬) অর্জনে বাংলাদেশ সরকারকে সহায়তা করবে।

সাক্ষাতকালে মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রকল্পের নির্বাহী পরিচালক এস.এম সৈকত, নির্বাহী সদস্য মো. সিরাজ উদ্দিন, জেনারেল মেম্বার জাওয়াদ হোসাইন, চট্টগ্রাম বিভাগীয় কো অর্ডিনেটর আরশি ইরতিজা, উপ বিভাগীয় কো অর্ডিনেটর দিব্য দাশ, জেনারেল মেম্বার আহসানুল হক তানভীর প্রমুখ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩